সমকাল

তারিখ 02 AUG 2015
পৃষ্ঠা ... কলাম ...

# মেধা শানিত করে পাঠ্যপুস্তকের বাইরের বই

## — শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নতুন প্রজন্ম মেধায় দরিদ্র নয়। তাদের মেধাকে শানিত করতে পাঠ্যপুস্তকের পাশাপাশি অন্যান্য বই পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে। এ জন্য সরকার পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এ কর্মসূচি আরও ছড়িয়ে দেওয়া হবে।

গতকাল শনিবার রাজধানীর কাজী নজরুল ইসলাম এভিনিউয়ে বিশ্বসাহিত্য কেন্দ্রে আয়োজিত 'পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি'র সেরা সংগঠক উদ্দীপনা পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিশ্বব্যাংকের সহায়তায় 'শিক্ষা মন্ত্রণালয়ের অধীন সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহ্যান্সমেন্ট প্রজেক্টের (সেকায়েপ) অধীন এ কর্মসূচি বাস্তবায়ন করছে বিশ্বসাহিত্য কেন্দ্র।

শিক্ষামন্ত্রী বলেন, পৃথিবীতে যারা যত বেশি বই পড়েছে, তারা তত সামনে এগিয়ে গেছে। শিক্ষার্থীদের পাঠ্যক্রমের বাইরের বই পড়ার ক্ষেত্রে অভিভাবকদের ইতিবাচক ভূমিকা রাখতে হবে।

'পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি'র টিমলিডার ও বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা অধ্যাপক আবদুল্লাহ্ আবু সায়ীদের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন, বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক শামসুজ্জামান খান, সেকায়েপের প্রকল্প পরিচালক ও অতিরিক্ত সচিব মাহামুদ-উল-হক, কর্মসূচির কো-টিমলিডার শরিফ মো. মাসুদ।

আবদুল্লাহ আবু সায়ীদ বলেন, বই মনের জানালা খুলে দেয়। বই পড়ার মধ্য দিয়ে বাঙালিরা আবার উপমহাদেশে সাংস্কৃতিক ও বুদ্ধিবৃত্তিক নেতৃত্ব দেবে।

পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি ২০১০ সালে শুরু হয়। বর্তমানে ২১৫টি উপজেলার ৯ হাজার ৬১৮টি শিক্ষা প্রতিষ্ঠানে এটি বাস্তবায়িত হচ্ছে।